



# ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং- ১৮১/২০১৭

তারিখ : ২০ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

## অগ্রণী ব্যাংক লিমিটেড এর “অফিসার (ক্যাশ)” পদ এর প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

অগ্রণী ব্যাংক লিমিটেড এর “অফিসার (ক্যাশ)” পদে নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে ৫৭ (সাতান্ন)টি কেন্দ্রে আগামী ১৫ ডিসেম্বর, ২০১৭ তারিখ, শুক্রবার সকাল ১০.০০ টা থেকে ১১.০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) upload করা হয়েছে। প্রার্থীদেরকে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০(ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে সুনির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে কোনোক্রমেই পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি